

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ/০৯ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.১৬.০১৫.২০১৫-২২০—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত উক্ত আইনের অধীন ১২৪(১)(খ) ধারার ক্ষমতাবলে সরকার মোটরযান রেজিস্ট্রেশনের সময় মোটরকার ও জীপ এর মালিকদের পছন্দমতো নম্বরসমূহ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি নির্ধারণ করল :

- (ক) রেজিস্ট্রেশন নম্বরের ছয়টি ডিজিট একই হলে (যেমন : ৫৫-৫৫৫৫৫, ৬৬-৬৬৬৬ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৬ গুণ হবে। তবে শুধু ৭৭-৭৭৭৭ নম্বরের ক্ষেত্রে ফি হবে প্রচলিত ফি এর ৭ গুণ।
- (খ) রেজিস্ট্রেশন নম্বরের ছয়টি ডিজিট জোড়া জোড়া হলে (যেমন : ৩৪-৩৪৩৪, ৪৫-৪৫৪৫ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৫ গুণ হবে।
- (গ) রেজিস্ট্রেশন নম্বরের চারটি ডিজিট একই হলে (যেমন : ১১১১, ২২২২ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৪ গুণ হবে।
- (ঘ) রেজিস্ট্রেশন নম্বরের চারটি ডিজিট জোড়া জোড়া হলে (যেমন : ১৩১৩, ১৫১৫ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৩ গুণ হবে।
- (ঙ) রেজিস্ট্রেশন নম্বরের চারটি ডিজিটের দুটি করে ডিজিট একই হলে (যেমন : ০০১১, ০০২২ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর দ্বিগুণ হবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫৯৯৭)

মূল্য : টাকা ৪.০০